গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

নং- ৪৫.১৩৯.০০৬.০০.০০.০০৬.২০১৭- ৩৪৮ তারিখঃ ৩০-০৪-২০১৮খ্রি.

**বিষয়ঃ** National Institute of Advanced Nursing Education & Research (NIANER), মুগদা, ঢাকা শুভ উদ্বোধন বিষয়ে গঠিত অর্থ উপকমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১২ মে ২০১৮ National Institute of Advanced Nursing Education & Research (NIANER), মুগদা, ঢাকা শুভ উদ্বোধন করবেন। এ উপলক্ষে গঠিত অর্থ উপকমিটির ২৬/০৪/২০১৮খ্রি. এর সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১ পাতা।

(ড. মোঃ এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। প্রকল্প পরিচালক, নিয়েনার, মুগদা, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। পরিচালক (শিক্ষা ও অর্থ), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭। Prof. Dr. Chung Yul Lee, Director, NIANER, Mugda, Dhaka.
৮। উপসচিব (বাজেট),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

**বিষয়ঃ** National Institute of Advanced Nursing Education & Research (NIANER), মুগদা, ঢাকা শুভ উদ্বোধন বিষয়ে অর্থ উপকমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুহাম্মদ রুহল কুদ্দুস<br>অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ২৬-০৪-২০১৮খ্রি. |
| সভার সময় | : | বেলা ২.৩০ টা |
| সভার স্থান | | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

২। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট)কে অনুরোধ করেন। উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১২ মে ২০১৮ ঢাকায় অবস্থিত National Institute of Advanced Nursing Education & Research (NIANER) শুভ উদ্বোধন করবেন। এ উপলক্ষে স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৯-০৪-২০১৮ তারিখে সার্বিক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, উদ্বোধন অনুষ্ঠানের সকল ব্যয় প্রকল্পের বিবিধ খাত হতে নির্বাহ করা হবে। এ প্রসংগে সভায় উপস্থিত স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পরিচালক প্রশাসন জনাব এ, কে, এম আমিনুল ইসলাম জানান উদ্বোধনী অনুষ্ঠানের ভিত্তি প্রস্থর স্থাপনের জন্য পাথর এবং বেদীর ডিজাইন করা হয়েছে, যা ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। এ জন্য সম্ভাব্য ব্যয় ধরা হয়েছে ১৫.৪০ লক্ষ টাকা। এ ব্যয় প্রকল্পের নির্মাণ খাত হতে নির্বাহ করা যায় কিনা এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং দাতা সংস্থার KOICA-এর নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি আরও জানান উদ্বোধনী অনুষ্ঠানে স্যুভেনির কমিটির মাধ্যমে একটি স্যুভেনির প্রকাশ করা হবে। এর আনুমানিক ব্যয় হবে ১.৫ লক্ষ টাকা। স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর মাধ্যমে এটি ছাপানো হবে। সভাপতি আরও জানান মঞ্চ সজ্জা উপকমিটির সভাপতি অতিরিক্ত সচিব (হাসপাতাল) ১৫ লক্ষ টাকার একটি চাহিদা প্রেরণ করেছেন। কিন্তু বিস্তারিত বিভাজন পাওয়া যায়নি। সভায়, উপস্থিত অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান, উদ্বোধনী অনুষ্ঠানে আগত ২০ জন ভিআইপির আপ্যায়নের জন্য (২০X৫০০০/-) =১ লক্ষ টাকা এবং ৫০০ জন অতিথির আপ্যায়নের জন্য (৫০০X১০০০)= ৫ লক্ষ টাকা, অর্থাৎ মোট ৬ লক্ষ টাকা প্রয়োজন হবে। সভাপতি আরও জানান, দাওয়াত মুদ্রণ ইত্যাদি কাজে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে হবে। প্রতিষ্ঠানটি উদ্বোধনের ২/৩ দিন আগে হতে ভবনটি আলোকসজ্জা করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সিদ্ধান্তঃ

ক. উদ্বোধনী অনুষ্ঠানের ভিত্তি প্রস্থর স্থাপনের জন্য পাথর এবং বেদী নির্মানের ব্যয় নির্বাহের জন্য প্রকল্প পরিচালক দাতা সংস্থার KOICA-এর নিকট পত্র প্রেরণ করবেন;

খ. মঞ্চ সজ্জা সংক্রান্ত উপকমিটির আহবায়ক ও অতিরিক্ত সচিব (হাসপাতাল) মঞ্চ সজ্জার জন্য প্রয়োজনীয় ১৫ লক্ষ টাকার বিভাজন অর্থ উপকমিটির নিকট প্রেরণ করবেন। প্রকল্প পরিচালক মঞ্চ সজ্জার জন্য আপাততঃ ৫ লক্ষ টাকা অগ্রিম হিসেবে সংশ্লিষ্ট উপকমিটিকে প্রদান করবেন;

গ. আপ্যায়ন উপকমিটির আহবায়ক ও অতিরিক্ত সচিব (উন্নয়ন) আপ্যায়নের জন্য যাচিত ৬ লক্ষ টাকার বিভাজন অর্থ উপকমিটির নিকট প্রেরণ করবেন; এবং

ঘ. প্রকল্প পরিচালক স্যুভেনির/স্মরণিকা প্রকাশ, দাওয়াত কার্ড মুদ্রণ, আলোক সজ্জা ও এসবি ক্লিয়ারেন্সের জন্য প্রয়োজনীয় অর্থ প্রকল্প হতে প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

(মুহাম্মদ রুহল কুদ্দুস)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ